

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

---

বৃথাবার, জানুয়ারী ১০, ১৯৯৬

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রতরাষ্ট্র মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২০শে পৌষ ১৪০২ বার/৯ই জানুয়ারী ১৯৯৬ ইং

এস, আর, ও, নং ৩-আইন/৯৫।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩০ অনুচ্ছেদের  
শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক,  
বাংলাদেশ সরকারী কর্ম কর্মসূন্তরের সহিত প্রামাণ্যরূপে, নিম্নরূপ বিধিমালা প্রয়োগ করিলেন,  
যথা :—

১। সংক্ষিপ্ত শিরনাম।—এই বিধিমালা সহকারী সচিব (এক্স-ক্যাডার) (প্রতরাষ্ট্র মন্ত্রণালয়) নিরোগ বিধিমালা, ১৯৯৫ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালার,—

- (ক) “নিরোগকারী কর্তৃপক্ষ” অর্থ সরকার বা সরকার কর্তৃক এই বিধিমালার অধীন  
নিরোগ দানের জন্য ক্ষমতা প্রদত্ত কোন কর্মকর্তা; এবং
- (খ) “শিক্ষানবিস” অর্থ সহকারী সচিব (এক্স-ক্যাডার) পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত  
ব্যক্তি।

৩। নিয়োগ পদ্ধতি।— (১) পরোক্ষ মন্ত্রণালয়ের শাখা সহকারী, উচ্চমান সহকারী ও সার্ট-লিপিকার, অতঃপর ফিডার পদ বলিয়া উভিধিত, গণের মধ্য হইতে, উপ-বিধি (২), (৩) এবং (৪) এর বিধানাবলী সাপেক্ষে, নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক এতদ্দেশো গঠিত বিভাগীয় কমিটির সুপারিশ অনস্বারে পদোন্নতির মাধ্যমে সহকারী সচিব (এজ-ক্যাডার) পদে নিয়োগ দান করা হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা হইবে এক বা একাধিক ফিডার পদে ন্যানতম ১০ বৎসরের চাকুরী।

(৩) এই বিধির অধীন নিয়োগদানের ক্ষেত্রে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের প্রা-সুপারিশ গ্রহণ করিতে হইবে।

(৪) যদি কোন বাস্তুর চাকুরী ব্যতোক্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি সহকারী সচিব (এজ-ক্যাডার) পদে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৪। শিক্ষানবিসি।— (১) স্থায়ী শন্য সহকারী সচিব (এজ-ক্যাডার) পদের বিপরীতে নিয়োগের জন্য বাছাইক্ত বাস্তুকে পদোন্নতির তাৰিখ হইতে এক বৎসরের জন্য শিক্ষানবিসি দেওয়া নিয়োগ করা হইবে:

তবে শত<sup>০</sup> থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসিকালের মেয়াদ এইরূপ বৃক্ষ করিতে পারিবে যাহাতে বৰ্ধিত মেয়াদ সৰ্বসাক্ষলো দ্রষ্ট বৎসরের অধিক না হয়।

(২) কোন শিক্ষানবিসির শিক্ষানবিসি মেয়াদ চলাকালে যদি নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে উক্ত শিক্ষানবিসির আচরণ ও কাজকর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, তাহা হইলে নিয়োগকারী কর্তৃপক্ষ উক্ত শিক্ষানবিসিকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসি মেয়াদ, বৰ্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সমাপ্ত হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে<sup>০</sup> সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির প্রে নিয়ুক্ত থাকাকালে কোন শিক্ষানবিসির আচরণ ও কাজকর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবে: এবং

(খ) যদি এইরূপ অভিমত প্রোক্ষণ করে যে উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসির আচরণ ও কাজকর্ম সন্তোষজনক ছিল না বা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই তাহা হইলে তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইবে।

(৪) কোন শিক্ষানবিসকে স্থায়ী করা হইবে না, যতক্ষণ পর্যন্ত না তিনি সরকার কর্তৃক সময় সময় যে পরীক্ষা ও প্রশিক্ষণের বাবস্থা করা হয়, সেই পরীক্ষায় উত্তীর্ণ হন এবং সফলভাবে প্রশিক্ষণ গ্রহণ করেন।

রাষ্ট্রপিতার আদেশক্রমে  
নাসিমা হায়দার মাহবুব  
পরিচালক।